

ভিপি-এজিএসসহ ২৩ পদের ২০টিতেই জয়ী শিবিরের প্যানেল


রাবি প্রতিনিধি



রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ, হল সংসদ ও সিনেট ছাত্র প্রতিনিধি নির্বাচন ২০২৫-এ কেন্দ্রীয় ছাত্র সংসদের ২৩ পদের মধ্যে ২০টিতেই জয়লাভ করেছে ছাত্রশিবির সমর্থিত সম্মিলিত শিক্ষার্থী জোট

শুক্রবার (১৭ অক্টোবর) সকাল সাড়ে ৮টার দিকে কাজী নজরুল ইসলাম মিলনায়তন ভবনে আনুষ্ঠানিকভাবে এই ফলাফল ঘোষণা করেন প্রধান নির্বাচন কমিশনার এফ নজরুল ইসলাম।

গড়ুন



এমপিদের ন্যাম ভবনে থাকছেন কারা?

সম্মিলিত শিক্ষার্থী জোট থেকে যেসব সম্পাদক নির্বাচিত হয়েছেন—
ভিপি পদে মোস্তাকুর রহমান জাহিদ, সহকারী সাধারণ সম্পাদক
(এজিএস) পদে এস এম সালমান সাকিব, সংস্কৃতি বিষয়ক
সম্পাদক পদে জায়িদ হাসান জোহা, সহকারী সংস্কৃতি বিষয়ক
সম্পাদক মো. রাকিবুল ইসলাম, মহিলা বিষয়ক সম্পাদক
সাইয়িদা হাফছা, সহকারী মহিলা বিষয়ক সম্পাদক সামিয়া
জাহান, তথ্য ও গবেষণা সম্পাদক পদপ্রার্থী বি এম নাজমুছ
সাকিব, সহকারী তথ্য ও গবেষণা সম্পাদক সিফাত আবু সাঈদ,
মিডিয়া ও প্রকাশনা সম্পাদক মো. মুজাহিদ ইসলাম, সহকারী
মিডিয়া ও প্রকাশনা সম্পাদক আসাদুল্লাহ গালিব। এ ছাড়া সহকারী
ক্রীড়া ও খেলাধুলা সম্পাদক পদে আবু সাঈদ মোহাম্মাদ নুন,
সহকারী বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদক পদে মুজাহিদুল ইসলাম
সাইম, বিতর্ক ও সাহিত্য বিষয়ক সম্পাদক ইমরান লস্কর,
সহকারী বিতর্ক ও সাহিত্য বিষয়ক সম্পাদক মো. নয়ন হোসেন,
পরিবেশ ও সমাজকল্যাণ সম্পাদক পদে আবদুল্লাহ আল মাসুদ,
সহকারী পরিবেশ ও সমাজকল্যাণ সম্পাদক মাসুমা ইসরাত মুমু।

কার্যনির্বাহী সদস্য পদে— মো. দ্বীপ মাহবুব, সুজন চন্দ্র, মো.
ইমজিয়াউল হক কামালি ও এ বি এম খালেদ নির্বাচিত হয়েছেন।

এদিকে ক্রীড়া ও খেলাধুলা সম্পাদক পদে ছাত্রদল মনোনীত
নারগিস খাতুন নির্বাচিত হয়েছেন। এ ছাড়া বিজ্ঞান ও প্রযুক্তি
সম্পাদক পদে তোফায়েল আহমেদ (স্বতন্ত্র) নির্বাচিত হয়েছেন।

এদিকে সিনেট ছাত্র প্রতিনিধি নির্বাচনে ৫ জনের মধ্যে শিবির
মনোনীত ৩ জন নির্বাচিত হয়েছেন। তারা হলেন- মোস্তাকুর
রহমান জাহিদ, ফাহিম রেজা ও এস এম সালমান সান্নিহর।

অন্য দুইজন সিনেট সদস্য হলেন- সালাহউদ্দিন আম্মার ও
আকিল বিন তালেব।